

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ-পরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬- ১৪৬৪

তারিখ: ০৯/০৯/২০২১

“ভর্তি বিজ্ঞপ্তি”

বেকার যুবদের দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়ের (রাজস্ব) আওতাধীন যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির ২০২১ - ২০২২ অর্থ বছরের নিম্নলিখিত প্রশিক্ষণ কোর্সে ১৮-৩৫ বৎসরের বয়সের বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাতকার গ্রহণের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ	ভর্তি কোর্স ফি
১	মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং (আবাসিক)	০১(এক) মাস	২০ জন	৮ম শ্রেণী পাশ	২৭/০৯/২০২১	২৯/০৯/২০২১	০৩/১০/২০২১	১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য
২	ওয়েল্ডিং সিস্টেম	০১(এক) মাস	২০ জন	৮ম শ্রেণী পাশ	২৭/০৯/২০২১	৩০/০৯/২০২১	০৩/১০/২০২১	২০০/- (দুইশত) টাকা অফেরতযোগ্য
৩	ফ্রিল্যান্সিং/আউট সোর্সিং	০১(এক) মাস	২০ জন	এইচ এন্ড সি পাশ	২৭/০৯/২০২১	২৮/০৯/২০২১	০৩/১০/২০২১	৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:

- প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫ বছরের বেকার যুবক / যুবনারী হতে হবে এবং তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- নির্ধারিত ফরমে আবেদন করতে হবে: (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রংগিন) ছবি আবেদনের সাথে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- আবেদনপত্র উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনা - এ দাখিল করতে হবে।
- উপ-পরিচালক এর কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনায় অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীকে উল্লেখিত তারিখে সকাল ৯-৩০ ঘটিকায় হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না ও তজন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ভর্তি ও ক্লাস শুরুর এ সংক্রান্ত যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং বিশেষ চাহিদাসম্পন্ন / অটিস্টিক ও হিজড়া জনগোষ্ঠীর জন্য ৫% কোটা সংরক্ষণসহ অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ০১ নং ক্রমিকের প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় কোর্সে ভর্তিকৃতদের হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।
- ০২ ও ০৩ ক্রমিকের প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রতি কর্মদিবসে উপস্থিতির ভিত্তিতে ১০০/- (একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

৩৪:

মোঃ মোস্তাক উদ্দীন

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

E-mail: ddkhulna@dyd.gov.bd

ফোন-০২-৪৪১১০৯৪৭

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৩৬.১৬- ১৪৬৪

তারিখ: ০৯/০৯/২০২১

সদয় অবগতি / কার্যার্থে অনুলিপি:

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০৩। জেলা প্রশাসক, খুলনা
- ০৪। পুলিশ সুপার, খুলনা
- ০৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার/বিসি, খুলনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে অনুরোধ করা হলো)
- ০৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ জেলা মৎস্য কর্মকর্তা/ উপ-পরিচালক, সমাজসেবা কর্মকর্তা / জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খুলনা।